সংসারেতে চারি ধার   করিয়াছে অন্ধকার,
নয়নে তোমার জ্যোতি   অধিক ফুটেছে তাই ॥
চৌদিকে বিষাদঘোরে   ঘেরিয়া ফেলেছে মোরে,
তোমার আনন্দমুখ   হৃদয়ে দেখিতে পাই ॥
ফেলিয়া শোকের ছায়া   মৃত্যু ফিরে পায় পায়,
যতনের ধন যত   কেড়ে কেড়ে নিয়ে যায় ।
তবু সে মৃত্যুর মাঝে   অমৃতমুরতি রাজে,
মৃত্যুশোক পরিহরি   ওই মুখপানে চাই ॥
তোমার আশ্বাসবাণী   শুনিতে পেয়েছি প্রভু,
মিছে ভয় মিছে শোক   আর করিব না কভু ।
হৃদয়ের ব্যথা কব,   অমৃত যাচিয়া লব,
তোমার অভয়-কোলে   পেয়েছি পেয়েছি ঠাঁই ॥

---

Parjaay: Puja O Prarthana, Taal: Ara Theka, Raag: Alahia-Bilabal
Visit www.geetabitan.com for notation and other detail